# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৪৮

১/ বিবিধ

আরবী

كان إذا نزل منزلا في سفر، أودخل بيته لم يجلس حتى يركع ركعتين
ضعيف جدا

رواه الطبراني في " المعجم الكبير " (18/300/770) عن محمد بن عمر الواقدي:
حدثنا حارثة بن أبي عمران بسنده عن فضالة بن عبيد به
قال الهيثمي في " مجمع الزوائد " (2/283)
وفيه الواقدي، وقد وثقه مصعب الزبيري وغيره، وضعفه جماعة كثيرون من الأئمة
والحديث رمز له السيوطي بالضعف في بعض نسخ " الجامع الصغير "، وقال
المناوي: سكت المصنف عليه فلم يرمز إليه، فأوهم أنه لا بأس بسنده، وليس كذلك،
فقد قال الحافظ ابن حجر في " أماليه ": سنده واه هكذا قال، وقال شيخه الزين
العراقي في شرح الترمذي: (فيه الواقدي)
قلت: وهو متروك كما تقدم مرارا
ثم إن شيخه حارثة مجهول كما قال أبو حاتم والذهبي

বাংলা

১০৪৮। তিনি যখন সফরে কোন গৃহে পদার্পণ করতেন বা কোন বাড়ীতে প্রবেশ করতেন তখন দুরাকাআত সালাত আদায় না করে বসতেন না।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (১৮/৩০০/৭৭০-১৫১৬৬) মুহাম্মাদ ইবনু উমার ওয়াকেদী হতে, তিনি হারেসাহ ইবনু আবী ইমরান হতে, তার সনদে ফুযালাহ ইবনু ওবায়েদ হতে বর্ণনা করেছেন। হায়সামী "মাজমাউয যাওয়ায়েদ" (২/২৮৩) গ্রন্থে বলেনঃ তাতে ওয়াকেদী রয়েছেন। তাকে মুস’য়াব আয-যুবায়রী প্রমুখ নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন আর বিপুল সংখ্যক একদল ইমাম তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

সুযুতী হাদীসটিকে “আল-জামেউস সাগীর” গ্রন্থের কোন কোন কপিতে দুর্বল, হিসেবেই চিহ্নিত করেছেন।

হাফিয ইবনু হাজার বলেনঃ হাদিসটির সনদ খুবই দুর্বল। তার শাইখ যায়েন আল-ইরাকী "শারহুত তিরমিযী" গ্রন্থে বলেনঃ তাতে ওয়াকেদী রয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি মাতরূক যেমনটি বার বার তার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

এছাড়া তার শাইখ হারেসাহ মাজহুল যেমনটি আবু হাতিম ও যাহাবী বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন